

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 01-12-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

World Aids Day-CM:

আজ বিশ্ব এইডস দিবস। রাজ্যেও এই দিন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এই উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এক বার্তায় জানান, রাজ্য সরকার এইডস সংক্রমণ প্রতিরোধে এবং এর বিরুদ্ধে জনসচেতনতা বাড়াতে দায়বদ্ধতা নিয়ে কাজ করছে।

Winter session of parliament to begin:

সংসদের শীতকালীন অধিবেশন আজ থেকে শুরু হচ্ছে। সভার কার্যবিবরণীতে মোট ১৩টি বিল তালিকাভুক্ত রয়েছে যা অধিবেশন চলাকালীন পাস হওয়ার সম্ভাবনা রয়েছে। বিলগুলির মধ্যে - জাতীয় মহাসড়ক (সংশোধন) বিল, পারমাণবিক শক্তি বিল, কর্পোরেট আইন (সংশোধন) বিল, বীমা আইন (সংশোধন) বিল এবং ভারতের উচ্চ শিক্ষা কমিশন বিল -২০২৫ রয়েছে। গতকাল সরকার সংসদের উভয় কক্ষের স্মৃষ্টি কার্যকারিতা নিশ্চিত করার জন্য প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং-এর সভাপতিত্বে সর্বদলীয় বৈঠকের আয়োজন করে ৩৬টি রাজনৈতিক দলের ৫০ জন নেতা উপস্থিত ছিলেন। বৈঠকের পর সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু জানান, শীতকালীন অধিবেশনের স্মৃষ্টি পরিচালনার জন্য সরকার সকল রাজনৈতিক দলের নেতাদের সহযোগিতার জন্য আবেদন করেছে।

Raj Bhawan now Lok Bhawan :

রাজভবন আজ থেকে লোক ভবন হিসাবে পরিচিত হবে। রাজ ভবনের নাম পাল্টে লোক ভবন করা হয়েছে। রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু গতকাল রাজভবনে এক অনুষ্ঠানে এই ঘোষণা করেন। পরে সংবাদ মাধ্যমের কাছে রাজ্যপাল বলেন, গনতন্ত্রের প্রতি শ্রদ্ধা জানাতেই এই সিদ্ধান্ত। লোক ভবনে নির্দিষ্ট সময়ে সাধারণ নাগরিকদের প্রবেশাধিকার থাকবে বলে তিনি জানান।

Maan ki Baat:

ভারত ৩৫৭ মিলিয়ন টন খাদ্য শস্য উৎপাদন করে একটি ঐতিহাসিক রেকর্ড স্থাপন করেছে। ১০ বছর আগের তুলনায় ভারতের খাদ্যশস্য উৎপাদন ১০ কোটি টন বৃদ্ধি পেয়েছে। গতকাল মন কি বাতের ১২৮ তম পর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, ভারত মধু উৎপাদনেও রেকর্ড তৈরি করেছে। ১১ বছর আগে দেশে মধুর উৎপাদন ৭৬ হাজার মেট্রিক টন ছিল এখন তা বৃদ্ধি পেয়ে দেড় লাখ মেট্রিক টনেরও বেশি হয়েছে। “হানি মিশন” যোজনার মাধ্যমে মধু উৎপাদন করে হাজার হাজার মানুষ জীবিকার নতুন সুযোগ পেয়েছে। প্রধানমন্ত্রী বলেন নাগাল্যান্ড-এর চোখলাঙ্গন গ্রামে থিয়ামনি ইয়াংগন জনজাতি ক্রিফ হানি হান্টিং-এর মাধ্যমে মধু উৎপাদনের কাজ করে যাচ্ছে। প্রধানমন্ত্রী ‘ভোকাল ফল লোকালের’ ভাবনাকে দেশের জনগণ দৈনন্দিন জীবনের অংশ করে নিয়েছেন বলেও উল্লেখ করেন।

#####PM Byte#####

প্রধানমন্ত্রী আরও বিভিন্ন ইতিবাচক ও সৃজনশীল বিষয়ে দেশ ও জনগনের বিভিন্ন পদক্ষেপের কথা মন কি বাত অনুষ্ঠানে তুলে ধরেন।

CM -Maan Ki Baat:

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ‘মন কি বাত’ গতকাল মান্দাই-এর দলীয় অফিসে বসে শুনলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তাঁর সঙ্গে ছিলেন প্রদেশ বিজেপি সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা সহ অন্যান্য কর্মকর্তারা।

PM at IGP/DGPs National Meet:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পেশাদারিত্ব, সংবেদনশীলতা এবং দ্রুত সাড়া দেওয়ার প্রবণতা বাড়িয়ে পুলিশের প্রতি জনসাধারণের ধারণা, বিশেষ করে তরুণদের মধ্যে পরিবর্তন আনার জরুরি প্রয়োজনের উপর জোর দিয়েছেন। তিনি নগর পুলিশি ব্যবস্থা শক্তিশালী করা, পর্যটন পুলিশকে পুনরুজ্জীবিত করা এবং নতুন তিন ফোর্সদারি আইন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। গতকাল রায়পুরে পুলিশের ডিজি ও আইজিদের ৬০তম সর্বভারতীয় সম্মেলনে একথা বলেন প্রধানমন্ত্রী। তিনি বিশ্ববিদ্যালয় এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে পুলিশ তদন্তে ফরেনসিকের ব্যবহার সম্পর্কে কেস স্টাডি করার জন্য উৎসাহিত করার আহ্বান জানিয়েছেন, উল্লেখ করেছেন বর্ধিত ফরেনসিক প্রয়োগ ফোর্সদারি বিচার ব্যবস্থাকে আরও শক্তিশালী করবে। ‘বিকসিত ভারত: নিরাপত্তার মাত্রা’ শীর্ষক এই সম্মেলনে জাতীয় নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে ব্যাপক আলোচনা হয়। সম্মেলনে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা, স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব সহ অন্য পদস্থ অধিকারিকরা সরাসরি বা ভার্চুয়াল মাধ্যমে অংশগ্রহণ করেন।

Mobile Health Care Gov:

রাজ্যপাল ইন্ড্র সেনা রেজিড নাল্লু গতকাল রাজভবনে এক অনুষ্ঠানে ধলাই ও দক্ষিণ জেলার ৭২ টি গ্রামে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে মোবাইল হেলথ কেয়ার ইউনিটের যাত্রার সূচনা করেন। আই আর সি ফাউন্ডেশনের সহযোগিতায় এবং সেবা ইন্টারন্যাশনালের উদ্যোগে এই মোবাইল হেলথ কেয়ার ধলাই ও দক্ষিণ ত্রিপুরা জেলার ৭২ টি গ্রামে প্রাথমিক স্বাস্থ্য সেবা, মাতৃ ও শিশুর যত্ন চিকিৎসা পরিষেবা, টেলিমেডিসিন সহায়তা এবং প্রয়োজনে রেফারের পরিষেবা প্রদান করবে।

Dhalai Unity March- Sit and Draw:

সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে গতকাল ধলাই জেলার কমলপুর থানায় আরক্ষা প্রশাসনের উদ্যোগে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় নার্সারি থেকে নবম শ্রেণি পর্যন্ত বিভিন্ন স্কুলের ৫৪ জন ছাত্রছাত্রী অংশ নেয়।

T-20 Cricket :

সৈয়দ মুস্তাক আলী টি-২০ জাতীয় ক্রিকেটের তৃতীয় ম্যাচেও ত্রিপুরা পরাজিত হয়েছে। গতকাল আমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ব্যাডখন্ড ৮ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। ফলে গ্রুপের তিনটি খেলার সবকটিতে পরাজিত হয়।

Weather :

আজ দুপুর পর্যন্ত আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬ ডিগ্রি সেলসিয়াস।
